

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খাদ্য অধিদপ্তর  
 অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
 ১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
 www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০০৩.২৪.১২

তারিখ: ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
 ২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৪-২৫ মৌসুমে আন্ত:বিভাগীয় সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে ৩,৬২৮ মে.টন  
 আতপ চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২৪৫.৩৫.০০২.২৪.৮০, তারিখ: ১৬.০১.২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২৪-২৫ মৌসুমে ১.০০ লাখ মে.টন আতপ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে গত ১৮.০১.২০২৫ খ্রি। পর্যন্ত চালকলা মালিকদের অনুকূলে মূল লক্ষ্যমাত্রা ও পুনবরাদ্দসহ ৮৭,৭১৯ মে.টন চালের বরাদ্দ প্রদান করা হয়েছে। সে মোতাবেক অবরাদ্দকৃত চালের পরিমাণ  $(100000 - 87,719) = 12,281$  মে.টন। অবরাদ্দকৃত চালের বিভাগভিত্তিক পরিমাণ নিম্নরূপঃ

ছক-১

ক্রঃনং	বিভাগের নাম	অবরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন)
১.	রংপুর	২২৬০
২.	রাজশাহী	১৪৬২
৩.	ঢাকা	৬২২
৪.	ময়মনসিংহ	৮১২
৫.	খুলনা	১৬৭৩
৬.	চট্টগ্রাম	৫২৯৪
৭.	সিলেট	১৫৮
সর্বমোট=		১২,২৮১

সূত্রস্থ ১নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী তার বিভাগে চালের প্রদত্ত লক্ষ্যমাত্রা ১৮,২৬৩ মে.টন এর অতিরিক্ত আরো ৩৬২৮ মে.টন চালের বরাদ্দ প্রদানের জন্য খাদ্য অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করেছেন।

রাজশাহী বিভাগ থেকে চাহিত ৩৬২৮ (তিনি হাজার ছয়শত আটাশ) মে.টন চালের পরিপ্রেক্ষিতে ছক-১ এ বর্ণিত বিভাগসমূহের অবরাদ্দকৃত পরিমাণ থেকে যথা: ঢাকা বিভাগ থেকে ৬২২ মে.টন, ময়মনসিংহ বিভাগ থেকে ৮১২ মে.টন, খুলনা বিভাগ থেকে ১৬৭৩ মে.টন এবং চট্টগ্রাম বিভাগ থেকে ৫২৯৪ মে.টন মোট ৩৬২৮ (তিনি হাজার ছয়শত আটাশ) মে.টন বরাদ্দ কর্তব্য করে তা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮নং অনুচ্ছেদের (খ) উপ-অনুচ্ছেদ অনুযায়ী আন্ত:বিভাগীয়

সমন্বয়ের মাধ্যমে রাজশাহী বিভাগে অতিরিক্ত ৩৬২৮ (তিন হাজার ছয়শত আটাশ) মে.টন বরাদ্দ প্রদান করা হলো। সমন্বয়ের পরে রাজশাহী বিভাগের লক্ষ্যমাত্রার পরিমাণ নিম্নের ছক-২ এ দেখানো হলোঃ

ছক-২

ক্রঃং	বিভাগের নাম	প্রাথমিক লক্ষ্যমাত্রা (মে.টন)	১ম দফার অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	মোট লক্ষ্যমাত্রা (মে.টন)	২য় দফায় প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	সমন্বয়ের পরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)
১	২	৩	৪	৫(৩+৪)	৬	৭(৫+৬)
১	রাজশাহী	১৬,২৬৩	২,০০০	১৮,২৬৩	৩,৬২৮	২১,৮৯১

রাজশাহী বিভাগে ৩৬২৮ (তিন হাজার ছয়শত আটাশ) মে.টন লক্ষ্যমাত্রা সমন্বয়ের ক্ষেত্রে ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও চট্টগ্রাম বিভাগের অবরাদ্দকৃত পরিমাণ থেকে ৩৬২৮ (তিন হাজার ছয়শত আটাশ) মে.টন কর্তনের পর সংশ্লিষ্ট বিভাগসমূহে স্থিরকৃত লক্ষ্যমাত্রার চিত্র নিম্নোক্ত ছক-৩ এ দেখানো হলোঃ

ক্রঃং	বিভাগের নাম	প্রাথমিক লক্ষ্যমাত্রা (মে.টন)	ইতোপূর্বে কর্তনকৃত পরিমাণ (মে.টন)	মোট লক্ষ্যমাত্রা (মে.টন)	কর্তনকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)	কর্তনের পরে স্থিতকৃত লক্ষ্যমাত্রা (মে.টন)
১	২	৩	৪	৫ (৩-৪)	৬	৭ (৫-৬)
১	ঢাকা	২৪৩৩	-	২৪৩৩	৬২২	১৮১১
২.	ময়মনসিংহ	৭১১১	২০০০	৯১১১	৮১২	৪২৯৯
৩.	খুলনা	৫৯২৫	-	৫৯২৫	১৬৭৩	৪২৫২
৪.	চট্টগ্রাম	২৮৯৯৬	-	২৮৯৯৬	৫২১	২৮৪৭৫
				মোট =	৩৬২৮	

অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রার চাল অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনিদীর্শিত মানের চাল ক্রয়ের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২৩-০১-২০২৫  
মোঃ মনিরুজ্জামান  
পরিচালক  
+৮৮-০২-৪১০৫০১৭৮  
dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.০০৩.২৪.১২/১ (৫)

তারিখ: ৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা ।।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ময়মনসিংহ/খুলনা/চট্টগ্রাম।
- ৩। উপসচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়।
- ৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



২৩-০১-২০২৫

মোঃ মনিরুজ্জামান

পরিচালক